শ্রেণি: এইচএসসি

বিষয়: পৌরনীতি ও সুশাসন ২য় পত্র

বিষয়বস্তু: বহুনির্বাচনী প্রশ্ন


১৫০ টি
মোট প্রশ্ন

১৫০ টি
ইউনিক প্রশ্ন

স্মার্ট সাইট ও অ্যাপের বিশেষ ফিচারসমূহ
- ✓ উত্তর, ব্যাখ্যা ও AI ডাউট সলভিং
- ✓ দেশসেরা লিডারবোর্ড
- ✓ প্রোগ্রেস এনালিটিক্স
- ✓ AI অ্যাসিসটেন্ট ও সলভার
- ✓ বিশাল সংখ্যক প্রশ্ন ব্যাংক
- ✓ কাস্টম মক টেস্ট

QR স্ক্যান করে প্র্যাকটিস করুন

স্যাট একাডেমি


# # বহুনির্বাচনী প্রশ্ন

১. মহাহিসাব নিরীক্ষকের কার্যকাল কত বছর?

(ক) ২ (খ) ৩
(গ) ৫ (ঘ) ৬

২. সরকারি কর্মকমিশনের সদস্য সংখ্যা কত?

(ক) ৬-১৫ জন (খ) ৮-১৫ জন
(গ) ৭-১৪ জন (ঘ) ৯-১২ জন

৩. ১৯০৯ সালের ভারত শাসন আইনের বৈশিষ্ট্য কোনটি?

(ক) প্রাদেশিক স্বায়ত্তশাসন (খ) দ্বি কক্ষবিশিষ্ট আইনসভা
(গ) কর্মকমিশন গঠন (ঘ) সংখ্যাসাম্য নীতি

৪. ভারতবর্ষে ইংরেজদের দ্বারা গঠিত বণিক সংঘের নাম কী ছিল?

(ক) ইস্ট ইন্ডিয়া কোম্পানি (খ) ওয়েস্ট ইন্ডিয়া কোম্পানি
(গ) নর্থ ইন্ডিয়া কোম্পানি (ঘ) সাউথ ইন্ডিয়া কোম্পানি

৫. আসামে লাইন প্রথার বিরুদ্ধে লড়াই করেন কে?

(ক) ফজলুল হক (খ) ভাসানী
(গ) সলিমুল্লাহ (ঘ) শরিয়তউল্লাহ

৬. 'হিন্দু কলেজ' কী নামে রূপান্তরিত হয়?

(ক) মাইকেল (খ) টেইলর
(গ) বেকার (ঘ) প্রেসিডেন্সি

৭. আন্তর্জাতিক নারী দিবস কবে পালিত হয়?

(ক) ৬ মার্চ (খ) ৭ মার্চ
(গ) ৮ মার্চ (ঘ) ৯ মার্চ

৮. কোন পরিকল্পনার বাস্তবরূপ ভারত স্বাধীনতা আইন?
(ক) মন্ত্রিমিশন পরিকল্পনা (খ) ভারত ছাড় পরিকল্পনা
(গ) ক্রিপস পরিকল্পনা (ঘ) ৩ জুন পরিকল্পনা

৯. বাংলাদেশ কর্মকমিশন কী ধরনের প্রতিষ্ঠান?
(ক) অর্থনৈতিক (খ) আধুনিক
(গ) সাংবিধানিক (ঘ) নির্বাচনিক

১০. মন্ত্রিমিশন পরিকল্পনায় কয়টি গ্রুপের কথা বলা হয়?
(ক) ৩ (খ) ৪
(গ) ৫ (ঘ) ৬

১১. পাকিস্তানের প্রথম গর্ভনর জেনারেল কে ছিলেন?
(ক) জিন্নাহ (খ) লিয়াকত আলী
(গ) নাজিমউদ্দিন (ঘ) সোহ্রাওয়াদী

১২. সজীব জন্মের পর থেকেই কথা বলতে পারে না। সজীব কোন ধরনের প্রতিবন্ধী?
(ক) দৃষ্টি প্রতিবন্ধী (খ) বাক প্রতিবন্ধী
(গ) বুদ্ধি প্রতিবন্ধী (ঘ) মানসিক প্রতিবন্ধী

১৩. অখণ্ড বাংলার পক্ষে আন্দোলন করেন কে?
(ক) নেহেরু (খ) সুভাষ বসু
(গ) সোহ্রাওয়াদী (ঘ) ফজলুল হক

১৪. দেশবন্ধু কাকে বলা হয়?
(ক) ফজলুল হককে (খ) আবদুল লতিফকে
(গ) আমির আলীকে (ঘ) চিত্তরঞ্জন দাশকে

১৫. চিরস্থায়ী বন্দোবস্ত কে প্রবর্তন করেন?
(ক) কর্নওয়ালিস (খ) হার্ডিঞ্জ
(গ) ডালহৌসি (ঘ) ক্লাইভ

১৬. ভাগ কর ও শাসন কর' নীতির উদ্দেশ্য ছিল-
(ক) মুসলিম স্বার্থ সংরক্ষণ করা
(খ) ব্রিটিশ শাসন দীর্ঘস্থায়ী করা
(গ) হিন্দু স্বার্থ রক্ষা করা
(ঘ) ধর্মীয় সম্প্রীতি তৈরি করা

১৭. বঙ্গীয় প্রজাস্বত্ব আইন তৈরি করেন কে?
(ক) সোহ্রাওয়াদী (খ) ফজলুল হক
(গ) সলিমুল্লাহ (ঘ) আবদুল লতিফ

১৮. কলেজ ছাত্রী 'X' প্রায়ই কলেজে আসা-যাওয়ার পথে ইভটিজিং এর শিকার হয়। উক্ত সমস্যা সমাধানে প্রয়োজন-
i. ধর্মীয় অনুশাসন
ii. পেশী শক্তি
iii. পারিবারিক শিক্ষা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৯. নিচের কোনটি ১৯৩৫ সালের ভারত শাসন আইনের বৈশিষ্ট্য?
(ক) ভারত সম্রাট উপাধি বিলোপ
(খ) প্রদেশে দ্বৈতশাসন প্রবর্তন
(গ) ভারতীয় হাই কমিশনার নিয়োগ
(ঘ) কেন্দ্রে দ্বৈতশাসন প্রবর্তন

২০. মহাহিসাব নিরীক্ষকের কাজ হলো-
(ক) সরকারি নথিপত্র সংরক্ষণ করা
(খ) রিটার্নিং অফিসার নিয়োগ করা
(গ) মনোনয়ন যাচাই করা
(ঘ) লোক নিয়োগ দেয়া

২১. আওয়ামী মুসলিম লীগের প্রথম সাধারণ সম্পাদক নির্বাচিত হন?
(ক) শামসুল হক
(খ) অলি আহাদ
(গ) আতাউর রহমান খান
(ঘ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

২২. ১৯৫৪ সালের প্রাদেশিক নির্বাচনে যুক্তফ্রন্ট কয়টি আসন পায়?
(ক) ২২৩ (খ) ২৩৬
(গ) ২৩৭ (ঘ) ২৪০

২৩. তিতুমীর কত সালে জন্মগ্রহণ করেন?
(ক) ১৭৭৬ (খ) ১৪৮৬
(গ) ১৭৯৬ (ঘ) ১৭৯৮

**২৪.** শেরে বাংলা এ.কে. ফজলুল হক কোথায় জন্মগ্রহণ করেন?

(ক) বরিশাল　**(খ)** ঝালকাঠি

(গ) ভোলা　(ঘ) বরগুনা

**২৫.** কত সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আওয়ামী মুসলিম লীগের সাধারণ সম্পাদক নির্বাচিত হন?

(ক) ১৯৪৯　(খ) ১৯৫০

(গ) ১৯৫২　**(ঘ)** ১৯৫৩

**২৬.** ৬৯ এর গণঅভ্যুত্থানের কালণ হলো-

i.অনৈতিক বৈষম্য

ii.ছয় দফা আন্দোলনের প্রভাব

iii. ছাত্র সমাজের ১১ দফা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii　(খ) i ও iii

(গ) ii ও iii　**(ঘ)** i, ii ও iii

**২৭.** বাংলাদেশের সংবিধান কতটি ভাগ ছিল?

(ক) ১৩　(খ) ১২

**(গ)** ১১　(ঘ) ১০

**২৮.** মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে কতটি সেক্টরে ভাগ করা হয়েছিল?

(ক) ৯　(খ) ১৪

**(গ)** ১১　(ঘ) ১৪

**২৯.** পাকিস্তানের প্রথম গণপরিষদে পূর্ব বাংলার সদস্য সংখ্যা কতজন ছিল?

**(ক)** ৪২　(খ) ৪৩

(গ) ৪৪　(ঘ) ৪৫

**৩০.** বাঙালি জাতীয়তাবাদের মূল ভিত্তি কোনটি?

(ক) ভাষা　(খ) ধর্ম

(গ) ইতিহাস　**(ঘ)** রাজনৈতিক চেতনা

**৩১.** প্রজাতন্ত্রের হিসাব সম্পর্কিত রিপোর্ট মহা হিসাব। নিরীক্ষকক কার নিকট পেশ করেন?

(ক) জাতীয় সংসদে　(খ) অর্থ মন্ত্রনালয়ে

**(গ)** রাষ্ট্রপতির নিকট　(ঘ) প্রধানমন্ত্রীর কার্যালয়ের

**৩২.** জাতীয় অর্থের অভিভাবক রূপে কে দায়িত্ব পালন করেন?

(ক) অ্যাটর্নি জেনারেল

(খ) দুর্নীতি দমন কমিশন

(গ) বাংলাদেশ কর্ম কমিশন

**(ঘ)** মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক

**৩৩.** দুর্নীতি প্রতিরোধে নাগরিকদের কী ধরনের ভূমিকা পালন করা উচিত?

i. দুর্নীতিবাজদের সামাজিকভাবে ঘৃণা করা

ii. এদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলা

iii. ন্যায়নীতি ও স্বচ্ছতা অর্জন করা

নিচের কোনটি সঠিক?

(ক) i　(খ) i ও ii

(গ) ii ও iii　**(ঘ)** i, ii ও iii

**৩৪.** অবিভক্ত ভারতের সর্বশেষ গভর্নর জেনারেল কে ছিলেন?

(ক) লর্ড কার্জন　(খ) লর্ড ওয়াভেল

(গ) ওয়ারেন হেস্টিংস　**(ঘ)** লর্ড মাউন্ট ব্যাটেন

**৩৫.** কত সালে মন্ত্রিমিশন পরিকল্পনা পেশ করা হয়?

(ক) ১৯৪৪　(খ) ১৯৪৫

**(গ)** ১৯৪৬　(ঘ) ১৯৪৭

**৩৬.** কত সালের আইনের মাধ্যমে ব্রিটিশ-ভারতে দ্বৈত শাসনব্যবস্থা প্রবর্তন করা হয়?

(ক) ১৮৯২　(খ) ১৯০৯

(গ) ১৯১৯　**(ঘ)** ১৯৩৫

**৩৭.** ১৯৩৭ সালে প্রাদেশিক নির্বাচনের পর অবিভক্ত বাংলার মুখ্যমন্ত্রী হন কে?

(ক) খাজা নাজিমুদ্দীন

(খ) হোসেন শহীদ সোহরাওয়ার্দী

(গ) স্যার সৈয়দ আহমেদ

**(ঘ)** এ.কে. ফজলুল হক

**৩৮.** বাংলাদেশের সংবিধান প্রণয়ন কমিটিতে কতজন সদস্য ছিলেন?

(ক) ৩০　**(খ)** ৩৪

(গ) ৩৫　(ঘ) ৪০

স্যাট একাডেমি

৩৯. মুসলিম লীগ প্রতিষ্ঠার উদ্দেশ্য ছিল-
i. ইংরেজদের প্রতি মুসলমানদের আনুগত্যবোধ
ii. মুসলমানদের রাজনৈতিক অধিকার প্রতিষ্ঠা
iii. অন্য সম্প্রদায়ের সাথে সম্পর্ক উন্নয়ন
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৪০. বাংলাদেশের সংবিধান অনুযায়ী সকল ক্ষমতার উৎস হলো-

(ক) রাষ্ট্রপতি (খ) প্রধানমন্ত্রী
(গ) জনগণ (ঘ) রাষ্ট্র

৪১. মুজিবনগর সরকার কবে শপথ নেয়?

(ক) ১০ এপ্রিল (খ) ১৭ এপ্রিল
(গ) ১৯ এপ্রিল (ঘ) ২৭ এপ্রিল

৪২. ৭ই মার্চের ভাষণকে কোন সংস্থা আন্তর্জাতিক মর্যাদা দিয়েছেন?

(ক) জাতিসংঘ (খ) ইউনেস্কো
(গ) বিশ্বব্যাংক (ঘ) ওআইসি

৪৩. বেঙ্গল প্যাক্ট কত সালে হয়?

(ক) ১৯২০ (খ) ১৯২২
(গ) ১৯২৩ (ঘ) ১৯৪০

৪৪. সংবিধানের কত নং অনুচ্ছেদে "ধর্মনিরপেক্ষতা"-এর কথা বলা হয়েছে?

(ক) ১০ (খ) ১১
(গ) ১২ (ঘ) ১৩

৪৫. কে গণপরিষদে বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবী উত্থাপন করেন?

(ক) লিয়াকত আলী (খ) জুলফিকার আলী
(গ) ধীরেন্দ্রনাথ দত্ত (ঘ) শেখ মুজিবুর রহমান

৪৬. মৌলিক গণতন্ত্র অধ্যাদেশ কে জারি করেন?

(ক) বঙ্গবন্ধু (খ) আইয়ুব খান
(গ) ইস্কান্দার মির্জা (ঘ) হুসেইন মু. এরশাদ

৪৭. ১৯০৯ সালের মর্লে-মিন্টো সংস্কার আইনে ভারতীয় কেন্দ্রীয় আইন পরিষদের সদস্য সংখ্যা কতজনে উন্নীত করা হয়?

(ক) ৫৮ (খ) ৬০
(গ) ৬৪ (ঘ) ৬৯

৪৮. ইভটিজিং এর কারণ হলো-

(ক) নারীর ক্ষমতায়ন
(খ) শিক্ষার প্রসার
(গ) দৃষ্টান্তমূলক শাস্তি না হওয়া
(ঘ) জনসচেতনতা বৃদ্ধি

৪৯. ব্রেইল সামগ্রী কাদের শিক্ষা উপকরণ?

(ক) বাক প্রতিবন্ধী (খ) শ্রবণ প্রতিবন্ধী
(গ) দৃষ্টি প্রতিবন্ধী (ঘ) মানসিক প্রতিবন্ধী

৫০. ভারতবর্ষ বিভক্ত হয়ে পাকিস্তানের সৃষ্টি হয় যে কারণে-
i. লাহোর প্রস্তাব
ii. জিন্নাহর দ্বি-জাতি তত্ত্ব
iii. হিন্দু-মুসলমান দ্বন্দ্ব
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৫১. মওলানা ভাসানীকে 'মজলুম জননেতা' বলা হয় কারণ তিনি ছিলেন-
i. জমিদার বিরোধী নেতা
ii. সরকার বিরোধী নেতা
iii. কৃষক-শ্রমিক মজলুম জনগণের নেতা
নিচের কোনটি সঠিক?

(ক) ii (খ) iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৫২. গণতন্ত্রের মানসপুত্র বলা হয় কোন নেতাকে?

(ক) শেরে বাংলা এ. কে ফজলুল হক
(খ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
(গ) মওলানা ভাসানী
(ঘ) হোসেন শহীদ সোহ্রাওয়াদী

স্যাট একাডেমি

৫৩. বঙ্গভঙ্গ হয়-
i. ১৯০৫ সালে
ii. লর্ড কার্জনের সহযোগিতায়
iii. স্যার সলিমুল্লাহর প্রচেষ্টায়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৫৪. বাংলাদেশের সংবিধানের মৌলিক অধিকার কয়টি?
(ক) ২ টি (খ) ৫টি
(গ) ১৪টি (ঘ) ১৮টি

৫৫. উদ্দীপকে B কলামের প্রশ্নবোধক স্থানে কার নাম হবে?
(ক) স্যার সলিমুল্লাহ (খ) এ. কে. ফজলুল হক
(গ) মওলানা ভাসানী (ঘ) আবুল হাসেম

৫৬. উদ্দীপকে বর্ণিত সাল দুটি নিম্নে কোন ঘটনাবলীর সাথে জড়িত?
i. বঙ্গভঙ্গ
ii. বঙ্গভঙ্গ রদ
iii. লাহোর প্রস্তাব
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৫৭. ফরায়েজি' শব্দটি কোথা থেকে এসেছে?
(ক) ফরজে কেফায়া (খ) ফরায়েজেতুল্লাহ
(গ) ফরজ (ঘ) ফরজে আইন

৫৮. তমদ্দুন মজলিস কোনটির সাথে জড়িত?
(ক) মুক্তিযুদ্ধ (খ) ভাষা আন্দোলন
(গ) ছয় দফা (ঘ) লাহোর প্রস্তাব

৫৯. বাংলাদেশের সংবিধানের ১৩৭নং অনুচ্ছেদ অনুযায়ী কোন সংবিধানিক প্রতিষ্ঠান গঠিত হয়?
(ক) বাংলাদেশ নির্বাচন কমিশন
(খ) জাতীয় সংসদ
(গ) দুদক
(ঘ) বাংলাদেশ সরকারি কর্ম কমিশন

৬০. সংবিধানের কত নং অনুচ্ছেদে 'ন্যায়প্যাল'-এর কথা বলা হয়েছে?
(ক) ৬৭ (খ) ৭৭
(গ) ৮৭ (ঘ) ৯৭

৬১. ১৯৫৮ সালের সামরিক শাসন কুঠারাঘাত করে-
i. নিয়মতান্ত্রিক রাজনীতিতে
ii. সংসদীয় ব্যবস্থায়
iii. পুলিশ প্রশাসনে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৬২. লর্ড মর্লি কে ছিলেন?
(ক) ভারত সচিব (খ) ব্রিটিশ সচিব
(গ) গভর্নর (ঘ) গভর্নর জেনারেল

৬৩. ১৮৮০ সালে ব্রিটিশ সরকার নওয়াব আবদুল লতিফকে কী উপাধিতে ভূষিত করে?
(ক) নাইট (খ) স্যার
(গ) খলিফা (ঘ) নবাব

৬৪. বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস কবে পালিত হয়?
(ক) ১৭ জানুয়ারি (খ) ২০ জানুয়ারি
(গ) ২৮ জানুয়ারি (ঘ) জানুয়ারি

৬৫. ভাস্কো-দা-গামা কে ছিলেন?
(ক) ব্রিটিশ (খ) পর্তুগিজ
(গ) ফরাসি (ঘ) মার্কিন

৬৬. শেখ মুজিবুর রহমান কত সালে বঙ্গবন্ধু উপাধিতে ভূষিত হন?
(ক) ১৯৬৬ (খ) ১৯৬৮
(গ) ১৯৬৯ (ঘ) ১৯৭১

৬৭. খাদ্যে ভেজাল প্রতিরোধে করণীয়-
i. আইনের যথাযথ প্রয়োগ
ii. বাজার পর্যবেক্ষণ
iii. সামাজিক সচেতনতা সৃষ্টি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

স্যাট একাডেমী

৬৮. এইডস রোগের প্রধান কারণ কোনটি?

(ক) এইডস ভাইরাস (খ) এইচ ভাইরাস
(গ) এইচ আই ভাইরাস (ঘ) এইচআইভি ভাইরাস

৬৯. শেখ মুজিবুর রহমানকে কত সালে 'বঙ্গবন্ধু' উপাধি দেওয়া হয়?

(ক) ১৯৫৪ (খ) ১৯৬৬
(গ) ১৯৬৯ (ঘ) ১৯৭১

৭০. বাংলাদেশ সংবিধানে গণপরিষদ কর্তৃক গৃহীত হয় ১৯৭২ সালের-

(ক) ৩ নভেম্বর (খ) ৪ নভেম্বর
(গ) ৭ নভেম্বর (ঘ) ১৬ ডিসেম্বর

৭১. বাংলাদেশ সংবিধানে কতটি অনুচ্ছেদ রয়েছে?

(ক) ১৫৩ (খ) ১৫৪
(গ) ১৫৫ (ঘ) ১৫৬

৭২. দেশের সর্বোচ্চ ও চূড়ান্ত আইন হচ্ছে?

(ক) সুপ্রিম কোর্টের আদেশ (খ) সংসদের কার্যবিধি
(গ) সংবিধান (ঘ) হাইকোর্টের আদেশ

৭৩. বাংলাদেশের সংবিধানিক প্রতিষ্ঠান কয়টি?

(ক) ২ (খ) ৩
(গ) ৪ (ঘ) ৫

৭৪. বাংলাদেশ নির্বাচন কমিশনের কাজ হলো-

i. ভোটার তালিকা প্রণয়ন করা
ii. রাষ্ট্রপতি নির্বাচন করা
iii. সংসদীয় এলাকার সীমানা নির্ধারণ করা
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৭৫. বাংলাদেশ সরকারি কর্মকমিশনের চেয়ারম্যান ও সদস্যগণকে কে নিয়োগ দান করেন?

(ক) রাষ্ট্রপতি (খ) প্রধানমন্ত্রী
(গ) স্বরাষ্ট্রমন্ত্রী (ঘ) আইনমন্ত্রী

৭৬. ছয় দফা দাবি ছিল-

(ক) স্বাধীনতার দাবি
(খ) খাদ্যের দাবি
(গ) বাঙালির বাঁচার দাবি
(ঘ) বাঙালির মাথা উঁচু করে বাঁচার দাবি

৭৭. বাংলাদেশের স্বাধীনতা ও জাতীয় দিবস কোনটি?

(ক) ১৬ ডিসেম্বর (খ) ২৬ মার্চ
(গ) ২১ শে ফেব্রুয়ারি (ঘ) ১৭ এপ্রিল

৭৮. ফরায়েজী আন্দোলনের প্রবক্তা কে ছিলেন?

(ক) জনাব আবদুল লতিফ (খ) শাহ ওয়ালীউল্লাহ
(গ) হাজী শরীয়তউল্লাহ (ঘ) তিতুমীর

৭৯. দ্বৈতশাসনের প্রবর্তন করেন কে?

(ক) লর্ড ক্লাইভ (খ) উইলিয়ামস হ্যামিল্টন
(গ) লর্ড কর্নওয়ালিস (ঘ) ওয়ারেন হেস্টিংস

৮০. সর্বভারতীয় জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠিত হয় কত সালে?

(ক) ১৭৫৭ (খ) ১৭৭৩
(গ) ১৮৬০ (ঘ) ১৮৮৫

৮১. কোন আইন দ্বারা ইস্ট-ইন্ডিয়া কোম্পানির পরিবর্তে ভারতবর্ষে সরাসরি ব্রিটিশ শাসন প্রতিষ্ঠিত হয়?

(ক) ১৭৭৩ সালের রেগুলেটিং এ্যাক্ট
(খ) ১৭৭৩ সালের চিরস্থায়ী আইন
(গ) ১৭৮৪ সালের পিটের ভাবতশাসন আইন
(ঘ) ১৮৫৭ সসালের ভারত শাসন আইন

৮২. মর্লে-মিন্টো আইন কত সালে পাস হয়?

(ক) ১৭৮৪ (খ) ১৯০৯
(গ) ১৯১৯ (ঘ) ১৯৩৫

৮৩. দ্বৈতশাসন বলতে কোন ধরনের শাসনকে বোঝানো হয়?

(ক) দুজনের শাসন
(খ) দুটি রাষ্ট্রের শাসন
(গ) প্রশাসনে দুটি কর্তৃপক্ষের উপস্থিতি
(ঘ) দুটি প্রদেশের শাসন

স্যাট একাডেমি

৮৪. ঐতিহাসিক লাহোর প্রস্তাবের উত্থাপক কে?

(ক) মোহাম্মদ আলী জিন্নাহ

(খ) লিয়াকত আলী খান

**(গ)** শেরে বাংলা এ. কে. ফজলুল হক

(ঘ) হোসেন শহীদ সোহ্রাওয়ার্দী

৮৫. স্বাধীন ভারত ও পাকিস্তান রাষ্ট্রের জন্ম হয় কোন সালে?

(ক) ১৯৪৩ (খ) ১৯৪৫

**(গ)** ১৯৪৭ (ঘ) ১৯৪৯

৮৬. উর্দু ও ইংরেজীর পাশাপাশি বাংলাকে ও গণপরিষদের অন্যতম ভাষা করার দাবি উত্থাপন করেন কোন গণপরিষদ সদস্য?

(ক) শেরে বাংলা এ কে ফজলুল হক

(খ) হোসেন শহীদ সোহরাওয়ার্দী

**(গ)** ধীরেন্দ্রনাথ দত্ত

(ঘ) যোগেন্দ্রনাথ মণ্ডল

৮৭. যুক্তরাষ্ট্রের ২১ দফায় মূল দফা কি ছিল?

(ক) পূর্ব পাকিস্তানের স্বাধীনতা

(খ) রাষ্ট্র স্বায়ত্তশাসন সরকার গঠন

(গ) পূর্ব পাকিস্তানের স্বায়ত্তশাসন

**(ঘ)** বাংলাকে রাষ্ট্রভাষা করা

৮৮. কখন ইউনেস্কো বাংলা ভাষাকে আন্তর্জাতিক মাতৃভাষার মর্যাদা দেন?

(ক) ১৯৯৮ সালে **(খ)** ১৯৯৯ সালে

(গ) ২০০০ সালে (ঘ) ২০০১ সালে

৮৯. মৌলিক অধিকারের সংরক্ষক কে?

(ক) জাতিসংঘ **(খ)** সংবিধান

(গ) রাষ্ট্রপতি (ঘ) প্রথা

৯০. ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠাতা কে?

**(ক)** এ্যালান অক্টোভিয়ান হিউম

(খ) জওহরলাল নেহেরু

(গ) মহাত্মা গান্ধী

(ঘ) লর্ড কার্জন

৯১. ভারতীয় স্বাধীনতা আইনের ফলে-

i. ভারতবর্ষে ইংরেজি শাসনের অবসান ঘটে

ii. ভারত ও পাকিস্তান রাষ্ট্রের অভ্যুদয় হয়

iii. ব্রিটিশ ভারতে রাজনৈতিক সমস্যা ও সমাধান

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii **(ঘ)** i, ii ও iii

৯২. মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে কবে?

(ক) ১০ এপ্রিল, ১৯৭১ (খ) ১৩ এপ্রিল, ১৯৭১

(গ) ১৫ এপ্রিল, ১৯৭১ **(ঘ)** ১৭ এপ্রিল, ১৯৭১

৯৩. লাহোর প্রস্তাব কবে উত্থাপিত হয়?

**(ক)** ২৩ মার্চ, ১৯৪০ (খ) ২১ মার্চ, ১৯৪০

(গ) ১৩ এপ্রিল, ১৯৪০ (ঘ) ২৩ এপ্রিল, ১৯৪০

৯৪. আগরতলা মামলার আসামি কত ছিল?

(ক) ৩০ জন **(খ)** ৩৫ জন

(গ) ২৯ জন (ঘ) ৩৪ জন

৯৫. ১৯১৯ সালের ভারত শাসন আইন অনুযায়ী কেন্দ্রীয় আইনসভার নিম্নকক্ষের নাম কী ছিল?

(ক) রাষ্ট্রীয় পরিষদ **(খ)** ব্যবস্থাপক সভা

(গ) উচ্চ পরিষদ (ঘ) নিম্নপরিষদ

৯৬. ১৯৩৫ সালের ভারত শাসন আইনে নতুন কয়টি প্রদেশ সৃষ্টি হয়?

(ক) ১টি **(খ)** ২টি

(গ) ৩টি (ঘ) ৪টি

৯৭. শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধি প্রদান করা হয় কবে?

(ক) ১৯৬৯ সালের ২০ ফেব্রুয়ারি

(খ) ১৯৬৯ সালের ১৮ ফেব্রুয়ারি

(গ) ১৯৬৯ সালের ২২ ফেব্রুয়ারি

**(ঘ)** ১৯৬৯ সালের ২৩ ফেব্রুয়ারি

৯৮. মুজিবনগর সরকারের রাষ্ট্রপতি কে ছিলেন?

(ক) সৈয়দ নজরুল ইসলাম

**(খ)** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

(গ) তাজউদ্দীন আহমদ

(ঘ) খন্দকার মোশতাক

**৯৯.** আন্তর্জাতিক নারী দিবস কোনটি?

(ক) ৮ মার্চ (খ) ২৬ মার্চ
(গ) ২৮ মার্চ (ঘ) ১৯ মার্চ

**১০০.** এইডস রোগের প্রধান কারণ কোনটি?

(ক) এইডস ভাইরাস (খ) এইচ. আই ভাইরাস
(গ) এইচ. ভাইরাস (ঘ) এইচ. আই. ভি ভাইরাস

**১০১.** সাংবিধানিক প্রতিষ্ঠান নয় কোনটি?

(ক) নির্বাচন কমিশন
(খ) সরকারি কর্মকমিশন
(গ) মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক
(ঘ) দুর্নীতি দমন কমিশন

**১০২.** বেঙ্গল প্যাক্ট-এর রূপকার কে ছিলেন?

(ক) মহাত্মা গান্ধী (খ) নওয়াব আবদুল লতিফ
(গ) দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ (ঘ) নবাব স্যার সলিমুল্লাহ

**১০৩.** বঙ্গভঙ্গ রদ হয় কত সালে?

(ক) ১৯০৭ (খ) ১৯০৯
(গ) ১৯১১ (ঘ) ১৯১৩

**১০৪.** মৌলিক গণতন্ত্র অধ্যাদেশ জারি করেন কে?

(ক) ইস্কান্দার মির্জা (খ) ইয়াহিয়া খান
(গ) আইয়ুব খান (ঘ) টিক্কা খান

**১০৫.** বাংলাদেশের প্রথম সংবিধান রচিত হয় কত সালে?

(ক) ১৮৭১ (খ) ১৯৭২
(গ) ১৯৭৩ (ঘ) ১৯৭৪

**১০৬.** 'আইনের দৃষ্টিতে সমতা' সংবিধানের কত নং অনুচ্ছেদে রয়েছে?

(ক) ২৭ নং (খ) ২৮ নং
(গ) ২৯ নং (ঘ) ৩১ নং

**১০৭.** ১৯৫৪ সালের নির্বাচনকে সামনে রেখে যে রাজনৈতিক জোট গঠন করা হয়েছিল তার নাম কী?

(ক) যুক্তফ্রন্ট (খ) চারদলীয় জোট
(গ) মহাজোট (ঘ) সাত দলীয় জোট

**১০৮.** মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক পদত্যাগপত্র কার কাছে জমা দেন?

(ক) কমিশনার (খ) স্পিকার
(গ) প্রধানমন্ত্রী (ঘ) রাষ্ট্রপতি

**১০৯.** দ্বিজাতি তত্ত্বের প্রবক্তা কে?

(ক) মোহাম্মদ আলী জিন্নাহ
(খ) শেরে বাংলা এ. কে. ফজলুল হক
(গ) হোসেন শহীদ সোহ্রাওয়ার্দী
(ঘ) খাজা নাজিমউদ্দিন

**১১০.** বিশেষ চাহিদার জনগোষ্ঠী কারা?

(ক) উপজাতি (খ) ভিক্ষুক
(গ) ভূমিহীন (ঘ) প্রতিবন্ধী

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

জনাব 'Y' একজন মহান নেতা। রাজনীতিতে তিনি বুলেটের চেয়ে ব্যালটের শক্তিতে বিশ্বাস করতেন। তিনি মনে করতেন, গণতন্ত্রে জনগণের কথাই শেষ কথা।

**১১১.** জনাব 'Y' কে বলা হয়-

(ক) ডাল-ভাতের রাজনীতিবিদ
(খ) কৃষক মুক্তির অগ্রদূত
(গ) মজলুম জননেতা
(ঘ) গণতন্ত্রের মানসপুত্র

**১১২.** তিনি নিচের কোন দলটি গঠন করেছেন?

(ক) NDF (খ) NFD
(গ) FDN (ঘ) DNF

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

ভারতবর্ষে 'ক' অঞ্চলটি আয়তনে বড় হওয়ায় এটিকে শাসনের সুবিধার্থে দু'টি ভাগে ভাগ করা হয়।

**১১৩.** উদ্দীপকের ঘটনাটিতে কোন নীতি কার্যকর করা হয়?

(ক) ভাগ কর ও শাসন কর নীতি
(খ) সাম্রাজ্যবাদ নীতি
(গ) ভারত ভাগের নীতি
(ঘ) বন্ধুত্বের নীতি

© Satt Academy
Visit our site: sattacademy.com

১১৪. এই ভাগের ফলে সৃষ্টি হয়েছিল-

i. সাম্প্রদায়িকতা

ii. বন্ধুত্ব

iii. স্বদেশি আন্দোলন

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

ব্রিটিশ প্রধানমন্ত্রী ১৯৪৬ সালে ভারতবর্ষে একটি মিশন প্রেরণ করেন। এই মিশনটি ভারতবর্ষের শাসনতান্ত্রিক সমস্যা নিরসনে কিছু পরিকল্পনা দেয়।

১১৫. মিশনটির নাম কী?

(ক) চার্চিল মিশন (খ) এটলি মিশন

(গ) ক্রিপস মিশন (ঘ) মন্ত্রিমিশন

১১৬. এই পরিকল্পনা ব্যর্থ হয়েছিল-

i. সঠিক পরিকল্পনার অভাবে

ii. হিন্দু-মুসলিম দ্বন্দ্বে

iii. কংগ্রেস-মুসলিম লীগের অসহযোগিতায়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

মিজানুর রহমান একটি গুরুত্বপূর্ণ সাংবিধানিক পদে অধিষ্ঠিত আছেন। প্রশাসনে দক্ষ লোক নিয়োগ দেওয়াই তার অন্যতম কাজ।

১১৭. তিনি কোন প্রতিষ্ঠানে কর্মরত আছেন?

(ক) কর্মকমিশন (খ) নির্বাচন কমিশন

(গ) নিয়োগ কমিশন (ঘ) সমাজ কল্যাণ কমিশন

১১৮. তার কাজের ক্ষেত্রে থাকা উচিৎ-

i. গোপনীয়তা

ii. অতিক্ষমতা

iii. অভিজ্ঞতা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

ফিরোজা বিশ্ববিদ্যালয়ের একজন ছাত্রী। আসন্ন নির্বাচনে ভোটদানের জন্য সে একটি সংস্থার অফিসে যায়। ওই অফিস তাকে একটি পরিচয়পত্র দেয়।

১১৯. ফিরোজা কোন সংস্থার অফিসে যায়?

(ক) কর্মকমিশন (খ) নির্বাচন কমিশন

(গ) আইন কমিশন (ঘ) জনপ্রশাসন কমিশন

১২০. উক্ত সংস্থা কী ধরনের কাজ করে?

(ক) প্রশাসনে লোক নিয়োগ (খ) হিসাব নিরীক্ষণ

(গ) নির্বাচন পরিচালনা (ঘ) দুর্নীতির তদন্ত

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

ঈদ ও পূজা পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে জামালউদ্দীন বলেন, "বাংলাদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ। আমরা বিশ্বাস করি, ধর্ম যার যার, উৎসব সবার।"

১২১. জামাল উদ্দীনের বক্তব্যে বাংলাদেশ সংবিধানের কোন মূলনীতির প্রতিফলন দেখা যায়?

(ক) জাতীয়তাবাদ (খ) গণতন্ত্র

(গ) ধর্মনিরপেক্ষতা (ঘ) সমাজতন্ত্র

১২২. উক্ত মূলনীতির যথার্থ বাস্তবায়ন হলো-

i. কেউ বৈষম্যের শিকার হবে না

ii. সবাই নিজ নিজ ধর্ম স্বাধীনভাবে পালন করবে

iii. সংখ্যাগরিষ্ঠের প্রতি অবিচার করা হবে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

X' নামক উপমহাদেশ দীর্ঘ ঔপনিবেশিক শাসন দ্বারা শাসিত। ফলে শাসকগোষ্ঠী ১৯৪৭ সালে উপমহাদেশটি দুটি স্বাধীন রাষ্ট্র ঘোষণা করে দেশ ত্যাগ করেন।

১২৩. উদ্দীপকে বর্ণিত কোন উপমহাদেশের কথা বলা হয়েছে?

(ক) আফ্রিকা (খ) ইউরোপ

(গ) আমেরিকা (ঘ) ভারত


স্যাট একাডেমি

১২৪. উপমহাদেশটি জনগণের দীর্ঘ সংগ্রাম ও আন্দোলনের ফলে স্বাধীন হয়-

i. পাকিস্তান রাষ্ট্র
ii.ভারত রাষ্ট্র
iii. বার্মা রাষ্ট্র
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii　(খ) i ও iii
(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**




১২৫. উদ্দীপকের B কলামের সাথে সংশ্লিষ্ট নাম হবে?

(ক) স্যার সলিমুল্লাহ　(খ) এ.কে. ফজলুল হক
(গ) মাওলানা ভাসানী　(ঘ) আবুল হাসেম

১২৬. উদ্দীপকে বর্ণিত সাল দুটি নিম্নের কোন ঘটনাবলির সাথে জড়িত?

i. বঙ্গভঙ্গ
ii. বঙ্গভঙ্গ রদ
iii. মুসলিম লীগ প্রতিষ্ঠা
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii　(খ) i ও iii
(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

নাগরিক জীবনে বিভিন্ন সমস্যার মধ্যে জলবায়ু পরিবর্তনের প্রভাব অন্যতম। আগামী প্রজন্মের জন্য তা ভয়াবহ হতে পারে। সম্প্রতি এক জরিপে দেখা যায় যে, বাংলাদেশের উত্তরাঞ্চলে এর প্রভাব সবচেয়ে বেশি।

১২৭. এই জলবায়ু পরিবর্তনের জন্য দায়ী-


i. CFC গ্যাস
ii. কার্বন ডাইঅক্সাইড
iii. বনভূমি উহাড়
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii　(খ) ii ও iii
(গ) i ও iii　(ঘ) i, ii ও iii

১২৮. জলবায়ুর পরিবর্তনে উত্তরাঞ্চলে কী প্রভাব পড়েছে?

(ক) জলোচ্ছ্বাস হচ্ছে
(খ) মরুকরণ প্রবণতা বৃদ্ধি পাচ্ছে
(গ) ভূপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি পাচ্ছে
(ঘ) সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি পাচ্ছে

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**




১২৯. ছকে বর্ণিত '?' চিহ্নিত স্থানে নিচের কোনটি বসবে?

(ক) নির্বাচন কমিশন
(খ) কর কমিশন
(গ) বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন
(ঘ) তদন্ত কমিশন

১৩০. ছকে বর্ণিত'?' চিহ্নিত প্রতিষ্ঠানটির কাজ হলো-

i. জাতীয় ও স্থানীয় পর্যায়ের দুর্নীতি তদন্ত করা
ii. জাতীয় ও স্থানীয় পর্যায়ের নির্বাচন পরিচালনা করা
iii. জাতীয় পরিচয়পত্র ও ভোটার তালিকা প্রণয়ন করা
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii　(খ) i ও iii
(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

হালিমা বেগম খুলনার কয়রা উপজেলার একজন বাসিন্দা। এই এই বছর জোয়ারের পানিতে বেড়িবাঁধ ভেঙ্গে তার ঘরবাড়ির ফসল তলিয়ে যায়। বর্তমানে তিনি ছোট ছেলে-মেয়ে নিয়ে আশ্রয়কেন্দ্রে অবস্থান করছেন।

১৩১. হালিমা বেগম কোন ধরনের সমস্যায় পড়েছেন?

(ক) জলবায়ুর পরিবর্তন
(খ) সমুদ্র উপকূলে বসবাসগত সমস্যা
(গ) নদীর গতিপথ পরিবর্তন
(ঘ) অপরিকল্পিত নগরায়ন

স্যাট একাডেমি

**১৩২.** উদ্দীপকে উল্লেখিত সমস্যার প্রভাবে বাংলাদেশে-

i. লবণাক্ততা বৃদ্ধি পাবে
ii. ঘূর্ণিঝড়-জলোচ্ছ্বাস সৃষ্টি হবে
iii. কৃষি উৎপাদন ব্যাহত হবে
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii **(ঘ)** i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

একজন প্রাক্তন ব্রিটিশ আমলার নেতৃত্বে ভারতবর্ষে প্রথম একটি রাজনৈতিক দল প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে এই দলটি স্বাধীন ভারত প্রতিষ্ঠায় অগ্রণী ভূমিকা পালন করে।

**১৩৩.** উদ্দীপকে কোন রাজনৈতিক দলের প্রতি ইঙ্গিত করা হয়েছে?

(ক) কৃষক প্রজা পার্টি (খ) মুসলিম লীগ
**(গ)** ভারতীয় জাতীয় কংগ্রেস (ঘ) আওয়ামী লীগ

**১৩৪.** উক্ত দল প্রতিষ্ঠার উদ্দেশ্য ছিল-

i. ইংরেজ শাসনের প্রতি অনুগত্য প্রদর্শন
ii. ব্রিটিশ শাসনের বিরুদ্ধে জনমত তৈরি
iii. ব্রিটিশ সাম্রাজ্যের সমস্ত এলাকার লোকদের মধ্যে বন্ধুত্ব স্থাপন
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii **(খ)** i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

মি. 'ক' এর উক্ত কর্মকাণ্ড কোন নাগরিক সমস্যার সাথে সামঞ্জস্যপূর্ণ নয়।

**১৩৫.** জনাব 'ক' এর উক্ত কর্মকাণ্ড কোন নাগরিক সমস্যার সাথে সামঞ্জস্যপূর্ণ?


(ক) ব্যবসা (খ) বেতন
**(গ)** দুর্নীতি (ঘ) অতিরিক্ত কাজ

**১৩৬.** দুর্নীতি প্রতিরোধে নাগরিকদের কি ধরনের ভূমিকা পালন করা উচিত?

i. দুর্নীতিবাজদের সামাজিকভাবে ঘৃণা করা
ii. এদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলা
iii. ন্যায়নীতি ও স্বচ্ছতা অর্জন করা
নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) i ও iii
(গ) ii ও iii **(ঘ)** i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**




**১৩৭.** চিহ্নিত স্থানে কোন ব্যক্তিত্বের কথা বলা হয়েছে?

(ক) নবাব আবদুল লতিফ
**(খ)** নবাব স্যার সলিমুল্লাহ
(গ) শেরে বাংলা এ কে ফজলুল হক
(ঘ) হোসেন শহীদ সোহরাওয়ার্দী

**১৩৮.** উক্ত ব্যক্তিত্বের কর্মকাণ্ডের ফলে-

i. জনগণের রাজনৈতিক সচেতনতা বৃদ্ধি পায়
ii. নেতৃত্বের বিকাশ ঘটে
iii. পূর্ব বাংলার উন্নয়ন ঘটে
নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) ii
(গ) iii **(ঘ)** i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

| রাজনৈতিক দল | প্রাদেশিক আইনসভায় প্রাপ্ত ফলাফল |
|---|---|
| আওয়ামী লীগ | ২৯৮ |
| পিডিপি | ০২ |
| অন্যান্য | ১০ |

স্যাট একাডেমি


১৩৯. উদ্দীপকে কত সালের নির্বাচনের চিত্র তুলে ধরা হয়েছে?

(ক) ১৮৭৩ (খ) ১৯৫৪
(গ) ১৯৪৬ (ঘ) ১৯৩৭

১৪০. উক্ত নির্বাচনের ফলে-
i. বাঙ্গালি জাতীয়তাবাদের ভিত্তি সুদৃঢ় হয়
ii. পাকিস্তান ভাঙ্গন ত্বরান্বিত হয়
iii. মুসলিম লীগের ভরাডুবি হয়
নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) ii
(গ) i, ii ও iii (ঘ) ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**





১৪১. উদ্দীপকে 'ক' কলামে বর্ণিত ঘটনার সাথে ব্রিটিশ ভারতের কোন ঘটনার মিল আছে?

(ক) বঙ্গভঙ্গ (খ) ভারত বিভক্তি
(গ) স্বদেশী আন্দোলন (ঘ) খেলাফত আন্দোলন

১৪২. উদ্দীপকের 'খ' কলামের স্থানে কার নাম হবে?

(ক) সার সলিমুল্লাহ (খ) এ কে ফজলুল হক
(গ) মওলানা ভাসানী (ঘ) আবুল হাসেম

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**





১৪৩. ছকে বর্ণিত চিহ্নিত স্থানে কী হবে?

(ক) যুক্তফ্রন্ট নির্বাচন (খ) অপারেশন সার্চলাইট
(গ) মৌলিক গণতন্ত্র (ঘ) ছয় দফা কর্মসূচি

১৪৪. ছকে বর্ণিত বিষয়ের ফলে-
i. পূর্ব-পশ্চিম পাকিস্তানের সম্পর্ক উন্নয়ন হবে
ii. প্রাদেশিক স্বায়ত্তশাসন আন্দোলন ত্বরান্বিত হবে
iii. বাঙালি জাতীয়তাবাদের বিকাশ ঘটে
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**




১৪৫. ছকের চিহ্নিত স্থানে কোনটি হবে?

(ক) মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক
(খ) তদন্ত কমিশন
(গ) বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন
(ঘ) অ্যাটর্নি জেনারেল

১৪৬. ছকে বর্ণিত (?) চিহ্নিত প্রতিষ্ঠানটির কাজ হলো-
i. প্রজাতন্ত্রের পক্ষে আইনের জটিল প্রশ্নের মত প্রকাশ
ii. জাতীয় সংসদে নির্বাচন কার্য সম্পাদন করেন
iii. আইন বিষয়ক উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করে
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

জনাব 'ক' প্রশাসনের একজন বড় কর্মকর্তা। তিনি অবৈধভাবে সম্পদের পাহাড় গড়ে তুলেছেন। তার বিরুদ্ধে তদন্ত শেষে মামলা হয়।

১৪৭. জনাব 'ক' এর বিরুদ্ধে মামলা দায়ের করেছে যে প্রতিষ্ঠান-

(ক) সরকারি কর্মকমিশন
(খ) দুর্নীতি দমন কমিশন
(গ) মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক
(ঘ) পুলিশ প্রশাসন

১৪৮. উক্ত প্রতিষ্ঠানের সঠিকভাবে দায়িত্ব পালনের সাথে-

i. সরকারি সম্পদের অপরচয় রোধ সম্ভব হবে

ii. জনগণ আইনের প্রতি শ্রদ্ধাশীল হবে

iii. দুর্নীতিবাজার দেশ ত্যাগ করবে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

কৃষক দরদি একজন জননেতা কৃষকদের উন্নতির জন্য কতগুলো পদক্ষেপ গ্রহণ করেন। তিনি তার দূরদৃষ্টি দিয়ে অনুভব করেছিলেন যে, বাংলাদেশ এবং বাঙালির উন্নতি নির্ভর করে কৃষক সমাজের ভাগ্যের উন্নতির উপর

১৪৯. উদ্দীপকের আলোকে বাংলার কৃষকদরদি কে ছিলেন?

(ক) মওলানা ভাসানী

(খ) হোসেন শহীদ সোহ্রাওয়ার্দী

(গ) শের বাংলা এ. কে. ফজলুল হক

(ঘ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

১৫০. উদ্দীপকে কৃষকদের ভূমির মালিকানা প্রতিষ্ঠিত হয়?

(ক) ঋণ সালিশি বোর্ড গঠনের ফলে

(খ) কৃষি ঋণ আইন প্রবর্তনের ফলে

(গ) বঙ্গীয় প্রজাসত্ব আইন পাশে হয়

(ঘ) কৃষক প্রজা আন্দোলন পরিচালনার কারণে

✨ **ধন্যবাদ!** ✨

কোন প্রশ্নের বানান বা উত্তর ভুল থাকলে রিপোর্ট করুন | *Thank you for reading!*

আরও দেখুন: **sattacademy.com**

⚠ Sattacademy -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দন্ডনীয় অপরাধ

sattacademy.com | +880 1306 446390